দৈনিক
জনকণ্ঠ

তারিখ 11 APR 2016
পৃষ্ঠা ১৫ কলাম 2

# দুই শিক্ষার্থীকে বেধড়ক পেটালো পরিবহন শ্রমিকরা

## মায়ের জানাজায় অংশ নিতে আসা

**স্টাফ রিপোর্টার, পঞ্চগড়** ॥ মায়ের জানাজায় অংশ নিতে আসা দুই শিক্ষার্থীকে বেধড়ক মারপিট করেছে হানিফ পরিবহনের পঞ্চগড় কাউন্টারের কতিপয় শ্রমিক। হানিফ পরিবহনে ঢাকা থেকে আসা দুই শিক্ষার্থীকে তুচ্ছ ঘটনার জের ধরে রবিবার সকালে কাউন্টারের সামনে বেধড়ক মারপিট ও টাকাসহ মোবাইল ফোন ছিনিয়ে নেয়া হয় মর্মে শিক্ষার্থীদের অভিযোগে জানা গেছে। এ ঘটনায় বিক্ষুব্ধ লোকজন কাউন্টারের মূল ফটকের কাঁচ ভাংচুর করে। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। জানা যায়, ঢাকার বেসরকারী বিশ্ববিদ্যালয় ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস এগ্রিকালচার এ্যান্ড টেকনোলজি (আইইউবিএটি)-এর ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ২য় বর্ষের শিক্ষার্থী রেজোয়ানুল ইসলাম রাজন ও তার ছোটভাই গাজীপুরের ভাওয়াল সরকারী কলেজের এইচএসসি পরীক্ষার্থী মুসাহিদ মাশরুর সাজন মায়ের মৃত্যু সংবাদ পেয়ে জানাজায় অংশ নিতে পরিবারসহ শনিবার রাত সাড়ে ১০টার হানিফ এন্টারপ্রাইজের একটি বাসে পঞ্চগড়ে রওনা দেন। ওই বাসটি রবিবার সকাল ৮টায় পঞ্চগড়ে পৌছানোর কথা ছিল। এজন্য পরিবারের পক্ষ থেকে বেলা ১১টায় জানাজার সময় নির্ধারণ করা হয়। কিন্তু ঢাকার বাসস্ট্যান্ডেই অজ্ঞাত কারণে প্রায় একঘণ্টা দেরি করে বাসটি পঞ্চগড়ের উদ্দেশে ছাড়ে। পথে আরও বিলম্ব করে। এ নিয়ে দুই শিক্ষার্থীসহ অন্য যাত্রীদের সঙ্গে সুপারভাইজার তর্কে জড়িয়ে পড়ে। একপর্যায়ে ধাক্কাধাক্কির ঘটনা ঘটে। এ ঘটনায় ক্ষুব্ধ সুপারভাইজার পলাশ পঞ্চগড় হানিফ কাউন্টারে মোবাইল ফোনে খবর দেয়। বেলা প্রায় ১১টায় শহরের ধাক্কামারা এলাকায় দুই শিক্ষার্থী ও অন্য যাত্রীরা নামতে চাইলে চালক বাস না থামিয়ে পঞ্চগড় পৌরসভা সংলগ্ন হানিফ এন্টারপ্রাইজের নিজস্ব কাউন্টারে নিয়ে বাসের দরজা আটকিয়ে দেয়। গাড়ি থেকে সুপারভাইজার নামতে না নামতেই আগে থেকে প্রস্তুত কাউন্টারের কয়েক শ্রমিক ও কর্মচারী লাঠিসোঠা নিয়ে গাড়িতে ওঠে এবং দুই ভাইসহ পরিবারের অন্য সদস্যদের বেধড়ক পেটাতে শুরু করে।